গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত জুলাই, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাছিমা বেগম এনডিসি, সচিব |
| তারিখ ও সময়ঃ | : | ১৩ জুলাই, ২০১৭, বিকাল ০৪:০০ ঘটিকা। |
| স্থানঃ | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২। সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে সভাপতির সম্মতিক্রমে জুন, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উক্ত কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

## আলোচনা:

৩। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১০/০৭/২০১৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা এবং ০১/১১/২০১৫ তারিখে তাঁর 'কোন শিশু রাস্তায় ঘুমাবেনা' মর্মে ঘোষণার বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের ৭টি সিদ্ধান্ত সম্পূর্ণরূপ বাস্তবায়ন করা হয়েছে। অপর ৩টি সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিচে উল্লেখ করা হলঃ

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১ | • শিশুদের উন্নয়নের জন্য ঢাকা শহরের ভাসমান পথশিশুদের জরিপ করে একটি তালিকা প্রস্তুত করতে হবে।<br>• 'কোন শিশু রাস্তায় ঘুমাবে না' মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা। | জরীপের প্রতিবেদন তৈরী এবং আশ্রয় কেন্দ্রের হালনাগাদ তথ্য সংগ্রহ করা হচ্ছে। | আগামী সমন্বয় সভায় পথশিশুদের জরিপ ও আশ্রয়কেন্দ্র সংশ্লিষ্ট বিষয় নিয়ে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন জমা দিতে হবে। | • উপ-সচিব (সেল), মশিবিম।<br>• প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প/ কার্যক্রম পরিচালক, পথশিশু পুনর্বাসন কার্যক্রম। |
| ৩.২ | মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প- ১) কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর), ২) মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর দপ্তরের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ ও জেলা পর্যায়ে ৫টি কম্পিউটার প্রশিক্ষণ ইউনিট স্থাপন প্রকল্প, ৩) ভিজিডি-ইউ পি প্রকল্পের বাদপড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের প্রস্তাব পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | বর্ণিত ৩টি সমাপ্ত উন্নয়ন প্রকল্পের মধ্যে VGDUP প্রকল্পের কোন স্থাপনা, কার্যক্রম ও জনবল না থাকায় এ প্রকল্পটি ব্যতীত অবশিষ্ট ২টি প্রকল্পের জনবলের পদ রাজস্বখাতে সৃজনের প্রস্তাব গত ১৮/০৫/২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সে প্রেক্ষিতে গত ১২/৭/২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জন্য পদ সৃজনের প্রস্তাবে কিছু কোয়ারীজ দেয়া হয়েছে এবং স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব চাওয়া হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে তাদের চাহিদা মোতাবেক তথ্য প্রেরণ করতে হবে। | • অতিঃসচিব (উঃ ও পরিঃ), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• উপসচিব(উঃ-২), মশিবিম।<br>• সহঃ সচিব (উঃ-১), মশিবিম। |

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | করতে হবে। | | | |
| ৩.৩ | বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রের সম্প্রসারণ ও অন্যান্য ভৌত সুবিধাদি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র লিখতে হবে। | মহিলা বিষয়ক অধিদপ্তরের বাজেটে মেরামত ও সংরক্ষণ খাতে শিশু দিবাযত্ন কেন্দ্রের সংস্কার কাজের জন্য প্রয়োজনীয় অর্থ না থাকায় গণপূর্ত বিভাগকে নিজস্ব অর্থায়নে সংস্কার কাজসমূহ সম্পাদনের জন্য গত ২৩/৫/১৭ তারিখে পত্র দেয়া হয়েছে। এছাড়া মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থবছরের বাজেট থেকে সংস্কার কাজ সম্পন্নের জন্য মন্ত্রণালয় কর্তৃক পত্র দেয়া হয়েছে। | মহিলা বিষয়ক অধিদপ্তর এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে সচিবালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্রের সংস্কার কাজ সম্পন্ন করতে হবে। | • মহাপরিচালক, মবিঅ।<br>• যুগ্মসচিব(মবিঅ), মশিবিম।<br>• সহঃ সচিব (মবিঅ-১), মশিবিম। |

৪। সভায় মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে নিয়মিতভাবে স্থায়ী কমিটিতে তথ্য উপস্থাপন করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। নিম্নে মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখ করা হল:

| ক্রমিক | মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪.১ | <u>২১/৪/২০১৪ তারিখের বৈঠকঃ</u><br><br>মন্ত্রিসভা বৈঠকে বিগত <u>১৫/৮/১৯৭৫ হতে ৯/৪/১৯৭৯</u> পর্যন্ত এবং <u>২৪/৩/১৯৮২ হতে ১১/১১/১৯৮৬</u> পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করে যে সব অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হবে সেগুলো স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করে যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের নির্দেশ দেয়া হয়। | (১) 'বাংলাদেশ শিশু একাডেমি আইন, ২০১৭' এ কতিপয় নতুন ধারা সন্নিবেশের বিষয়ে অর্থ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় মতামতের জন্য প্রেরণ করা হয়েছে। একইসাথে পুনরায় ওয়েব-সাইটে প্রদর্শন করা হয়েছে।<br><br>(২) 'যৌতুক নিরোধ আইন, ২০১৭' এর খসড়া প্রণয়নের পর ৩০/০১/২০১৭ তারিখে মন্ত্রিসভা কর্তৃক নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে। মন্ত্রিসভার পর্যবেক্ষণ এবং নির্দেশনার আলোকে উক্ত আইনের খসড়া সংশোধন করা হয়েছে। এই খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিংয়ের জন্য প্রেরণ করা হলে কতিপয় বিষয়ে অস্পষ্টতা ও অসঙ্গতি উল্লেখপূর্বক স্পষ্টীকরণের জন্য উক্ত আইনটি গত ১৫/০৫/২০১৭ তারিখে এ মন্ত্রণালয়ে ফেরৎ প্রদান করে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ মোতাবেক | (১) অর্থ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত মতামত সংগ্রহ করতে হবে।<br><br>(২)'যৌতুক নিরোধ আইন, ২০১৭' এর খসড়া ভেটিংয়ের জন্য দ্রুত আইন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | • অতিঃ সচিব (শিশু), মশিবিম।<br>• উপ-সচিব(শিশু), মশিবিম।<br>• সিঃ সহঃ সচিব (শিশু), মশিবিম।<br><br>• উপ-সচিব(সেল), মশিবিম।<br>• সিঃ সহঃ সচিব (সেল), মশিবিম। |

| ক্রমিক | মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয়ে একটি কোর কমিটি গঠন করা হয়েছে এবং গত ১৫/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত উক্ত কমিটির সভায় আইনের খসড়ার কয়েকটি ধারায় অস্পষ্টতা ও অসংগতি দূর করে পুনরায় খসড়া করা হয়েছে। | | |
| ৪.২ | ১৬/২/২০১৫ তারিখের বৈঠকঃ (খ) সকল মন্ত্রণালয়/বিভাগকে ই-টেন্ডারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া হয়। | (খ) চলতি ২০১৭-১৮ অর্থ বছরে ই-টেন্ডারের মাধ্যমে মালামাল ক্রয় করা হবে। এ জন্য প্রস্তুতিমূলক কার্যক্রম শুর করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন, প্রকল্পসমূহের যাবতীয় ক্রয় ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করতে হবে। সেজন্য প্রকল্প পরিচালকদের সিপিটিইউতে প্রশিক্ষণের জন্য পত্র দিতে হবে। | (খ)প্রকল্প পরিচালকদের সিপিটিইউতে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রকল্পসহ মন্ত্রণালয়ের যাবতীয় ক্রয় ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করতে হবে। | • অতিঃ-সচিব (প্রশাসন/ উ: ও পরিঃ), মশিবিম।<br>• উপ-প্রধান(পরি:) মশিবিম।<br>• সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম |

## ৫। মন্ত্রণালয়ের বিবিধ বিষয়াবলিঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.১ | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | • সভায় পরিচালক শিশু একাডেমি অবহিত করেন যে, ডিজিটাল নথি সংক্রান্ত কোড মন্ত্রণালয় থেকে পাওয়া গেছে। ইতোমধ্যে ২০জন কর্মকর্তার প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি জানান, জাতীয় মহিলা সংস্থা এ মাসের মধ্যে ডিজিটাল নথি ব্যবস্থাপনার কার্যক্রম শুরু করবে। এপর্যায়ে অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) বলেন, আগামী সপ্তাহে অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) ও উপসচিব (শিশু ও সমন্বয়) এর উপস্থিতিতে বাংলাদেশ শিশু একাডেমির ডিজিটাল নথি ব্যবস্থাপনার কার্যক্রম উদ্বোধন করা হবে।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তর ই-ফাইলিং শুরু করেছে এবং জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমি শীঘ্রই ই-ফাইলিং শুরু করবে। | • জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমিতে ডিজিটাল নথি ব্যবস্থাপনার কার্যক্রম শুরু করতে হবে।<br>• দপ্তর/সংস্থা/একাডেমি হার্ড কপিসহ মন্ত্রণালয়ে ই-ফাইলিং এর মাধ্যমে নথি ও পত্র প্রেরণ করবে। | • অতি: সচিব (সকল), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।<br>• যুগ্মসচিব(প্রশিক্ষণ), মশিবিম।<br>• পরিচালক, বাশিএ<br>• সহকারী প্রোগ্রামার, মশিবিম। |
| ৫.২ | মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহের | শিশু ও সমন্বয় শাখার খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। | আগামী ৩০ জুলাই ২০১৭ তারিখের মধ্যে | • অতি: সচিব (প্রশা:), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | কাজের (দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী) কর্মপরিকল্পনা প্রণয়ন | অন্যান্য অনুবিভাগ থেকে খসড়া পাওয়া যায় নি। | অনুবিভাগসমূহের কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক স্ব স্ব অনুবিভাগে জমা দিতে হবে। | • সকল অনুবিভাগ প্রধানগণ। |
| ৫.৩ | জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি | নারীর জন্য ক্রীড়ার সুযোগ সৃষ্টির বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে পুনরায় গত ০৬/০৭/২০১৭ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়)-কে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগযোগ করে বিষয়টি নিস্পন্ন করার নির্দেশনা দেন। | অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগযোগ করে বিষয়টি নিস্পন্ন করবেন। | • অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মশিবিম।<br>• উপ-সচিব (সেল) মশিবিম।<br>• সিঃ সহঃ সচিব (সেল), মশিবিম। |
| ৫.৪ | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা | সভায় সিনিয়র সহকারী প্রধান(প্লাউ) অবহিত করেন যে, মন্ত্রণালয়/ বিভাগসমূহকে NAP এর আলোকে ফরমেট দেওয়া হয়েছে। উক্ত ফরমেটে প্রাপ্ত তথ্যসমূহের ভিত্তিতে Consolidated প্রতিবেদন তৈরি করা হবে এবং WID ফোকাল পয়েন্টদের সাথে সভা অনুষ্ঠিত হবে। এ পর্যায়ে সভাপতি জাতীয় নারী উন্নয়ন নীতির আলোকে কর্মপরিকল্পনা হালনাগাদকরণকল্পে কমিটি গঠনের জন্য ইতোপূর্বেকার সমন্বয় সভার সিদ্ধান্ত (ফেব্রুয়ারি, ২০১৭) বাস্তবায়িত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদ-করণের লক্ষ্যে গঠিত কমিটি দ্রুত কর্মপরিকল্পনা হালনাগাদপূর্বক চুড়ান্ত করবে। | • অতিঃসচিব (উন্নঃ ও পরিঃ), মশিবিম।<br>• সিঃ সহঃ প্রধান (প্লাউ), মশিবিম। |
| ৫.৫ | নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা | মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে আগস্ট/সেপ্টেম্বর মাসে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনার কর্মশালা আয়োজন করা হবে। | দ্রুত কর্মশালা আয়োজন করতে হবে। | • উপ-সচিব (সেল), মশিবিম।<br>• প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প। |
| ৫.৬ | ইনোভেশন | ১২/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের ইনোভেশন সভায় উপস্থাপিত তিনটি ইনোভেশন প্রস্তাব নিয়ে আলোচনা হয়। এ পর্যায়ে সভাপতি বাল্যবিবাহ রোধে ছোট আকারে একটি ভিডিও ক্লিপ তৈরি করে যে সমস্ত বাসে টিভি রয়েছে ঐ সমস্ত বাসের টিভিতে অনুষ্ঠান শুরুর পূর্বে এবং বাংলাদেশের সকল সিনেমা হলে সিনেমা শুরু হওয়ার পূর্বে ও বিরতির সময়ে এই ভিডিও ক্লিপটি দেখানোর বিষয়ে ইনোভেশন প্রস্তাব সভায় অবহিত করেন। | • সভায় ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি অবহিত করতে হবে।<br>• বাল্যবিবাহ রোধে ছোট আকারে একটি ভিডিও ক্লিপ তৈরিপূর্বক বাসের টিভিতে এবং সিনেমা হলে প্রদর্শনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র দিতে হবে। | • অতিঃসচিব (উন্নয়ন ও পরিঃ), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক, বাশিএ<br>• সিঃ সহঃ প্রধান (পরি-১), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| ৫.৭ | মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) | মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ১০০% বাস্তবায়নের জন্য মন্ত্রণালয় ও মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা/একাডেমিকে পত্র দেয়া হয়েছে। সভাপতি বলেন, গত বছর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন লক্ষমাত্রার ৯৫ % বাস্তবায়িত হয়েছিল। ২০১৭-১৮ অর্থ বছরে এ লক্ষমাত্রা ১০০% এ উন্নীত করার জন্য সকলকে সচেষ্ট হওয়ার নির্দেশনা দেন। | মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তাকে সজাগ হতে হবে। মন্ত্রণালয়ের performance চুক্তি অনুযায়ী ১০০% বাস্তবায়নের জন্য সকলকে সচেষ্ট হতে হবে। | • অতিঃসচিব (প্রশাসন) মশিবিম।<br>• উপসচিব(মবিত-২), মশিবিম।<br>• সি: সহ: প্রধান(প্লাউ) মশিবিম।<br>• সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম। |
| ৫.৮ | GRS | অন-লাইনে প্রাপ্ত অভিযোগসমূহের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অভিযোগকারীদেরকে অবহিত করা হচ্ছে। | প্রাপ্ত অভিযোগসমূহের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অন-লাইনে অভিযোগকারীদেরকে অবহিত করার কার্যক্রম চালু রাখতে হবে। | • যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।<br>• সহঃ প্রোগ্রামার, মশিবিম।<br>• সহঃ সচিব(প্রঃ-২), মশিবিম। |
| ৫.৯ | অডিট | অডিট নিস্পত্তি সম্পর্কে আলাপকালে নিয়মিত দ্বিপক্ষীয় অডিট সভা অনুষ্ঠানের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া অধিদপ্তর/সংস্থাকে অগ্রিম অনুচ্ছেদের বিষয়ে ত্রিপক্ষীয় সভা সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করার নির্দেশনা দেয়া হয়। | ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা করতে হবে। | • উপসচিব(বাজেট ও অডিট), মশিবিম।<br>• সহঃ সচিব (অডিট), মশিবিম। |
| ৫.১০ | প্রতি জেলার কার্যক্রম পরিদর্শন | পরিদর্শন কার্যক্রম বিষয়ে গত ১৩/৬/১৭ তারিখে প্রশাসন অনুবিভাগ থেকে একটি পত্র জারি করা হয়েছে। সভাপতি বলেন যে, মাঠ পর্যায়ের কাজ ও প্রকল্প কাজ মনিটরিং এর জন্য পরিদর্শনের গুরুত্ব রয়েছে। তাছাড়া পরিদর্শনের মাধ্যমে কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অভিজ্ঞতা নীতি নির্ধারণে সহায়ক ভূমিকা পালন করে। সভাপতি বলেন ডিজিটাল বাংলাদেশে পরিদর্শনের পাশাপাশি অন-লাইন মনিটরিং বৃদ্ধি করতে হবে। সে লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং ও স্কাইপি ব্যবহার বৃদ্ধি করতে হবে। অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) জানান যে প্রকল্পসমূহ পরিদর্শন/মনিটরিং-এর জন্য নির্ধারিত ফরম্যাট বা ছক প্রণয়ন করতে হবে। উন্নয়ন-২ অধিশাখা এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে পারে। | • প্রকল্প পরিচালকসহ জেলার কর্মকর্তাদের স্কাইপি আইডি খুলতে হবে।<br>• প্রকল্প মনিটরিং এর জন্য সহজ ও সংক্ষিপ্ত ছক প্রণয়ন করতে হবে। | • অতিঃসচিব (প্রশাসন), মশিবিম।<br>• উপসচিব(উন্নঃ-২), মশিবিম।<br>• |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.১১ | শিশু বিকাশ কেন্দ্র আজিমপুর | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি জানান, শিশু বিকাশ কেন্দ্র, আজিমপুরের জন্য বাড়ি ভাড়ার বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | শিশু বিকাশ কেন্দ্র ভাড়ার বিষয়টি ফলোআপ করতে হবে। | • অতিঃ সচিব(শিশু), মশিবিম।<br>• পরিচালক, বাশিএ। |
| ৫.১২ | জয়িতা ফাউন্ডেশন এর উদ্যোক্তাদের কে প্রশিক্ষণ প্রদান | জিরানীতে অবস্থিত শহীদ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমিতে নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণের ভেন্যু হিসেবে ব্যবহারের জন্য উক্ত একাডেমির ২টি পরিত্যক্ত পোলট্রি শেড জয়িতা ফাউন্ডেশন কর্তৃক সংস্কার করা হচ্ছে। | দ্রুত নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে। | • মহাপরিচালক, মবিঅ।<br>• ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন। |
| ৫.১৩ | শূণ্য পদ পূরণ ও পদ সৃজন | প্রোগ্রামারের শূন্য পদে নিয়োগের জন্য পিএসসির চেকলিস্ট অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ নথি উপস্থাপনের প্রক্রিয়া চলছে। | জুরুরি ভিত্তিতে প্রোগ্রামারের শূন্য পদে নিয়োগের ব্যবস্থা নিতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।<br>• সহঃসচিব(প্রশাঃ-১), মশিবিম। |
| ৫.১৪ | মন্ত্রণালয়ে গাড়ীর সংখ্যা বৃদ্ধি | (ক) গাড়ির বিষয়ে অর্থ বিভাগ হতে চাহিত তথ্যাদি প্রেরণের বিষয়টি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।<br>(খ) বিদ্যমান ৪টি গাড়ির বিপরীতে ৪টি গাড়িচালকের পদ সৃজনে কার্যক্রম শুরু করা হয়েছে। | যাচিত তথ্য দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে এবং গাড়ির সংখ্যা অনুসারে ড্রাইভারের পদ সৃজন করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।<br>• সহকারী সচিব (প্রশাঃ-২), মশিবিম। |
| ৫.১৫ | মন্ত্রণালয়ের স্থান সংকট | মন্ত্রণালয়ের স্থান সংকটের বিষয়টি সমাধানের লক্ষ্যে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগযোগ অব্যাহত রাখতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম। |
| ৫.১৬ | জাতীয় দ্ক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) | • জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) কর্মপরিকল্পনা (দ্বিতীয় পর্যায়) দপ্তর/সংস্থা হতে পাওয়ার পর চূড়ান্ত করা হবে।<br>• মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা ও প্রকল্পসমূহকে আগামী অর্থ বছরের জন্য প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। | • জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) কর্মপরিকল্পনা (দ্বিতীয় পর্যায়) চূড়ান্ত করতে হবে।<br>• মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা ও প্রকল্পসমূহকে আগামী অর্থ বছরের জন্য প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | • যুগ্মসচিব(প্রশিক্ষণ), মশিবিম। |
| ৫.১৭ | গণ শুনানী | মাঠ পর্যায়ে কর্মকর্তাদের গণশুনানী বিষয়ে স্বচ্ছ ধারণা প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত ও 'ছক'-এর আলোকে মন্ত্রণালয় থেকে নির্দেশনা জারি করা হয়েছে। | গণশুনানীর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত ও ছকের আলোকে নিজস্ব ছক ও নির্দেশনা প্রণয়ন করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন),মশিবিম।<br>• উপসচিব (শিশু) মশিবিম।<br>• উপসচিব(উন্ন-২), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.১৮ | বিবিধ | (ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষণ মডিউলে NIS, RTI এবং GRS এর বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমির প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্ত করার বিষয়ে ব্যবস্থা নেয়া হচ্ছে। | (ক-১) জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমির প্রশিক্ষণ মডিউলে NIS, RTI এবং GRS এর বিষয় অন্তর্ভুক্ত করতে হবে।<br>(ক-২) প্রধান তথ্য কমিশনারকে প্রধান অতিথি করে জাতীয় মহিলা সংস্থার হলরুমে তথ্য অধিকার আইন নিয়ে একটি বড় কর্মশালা আয়োজন করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক, বাশিএ |
| | | (গ) ফরমসমূহ সহজ, তথ্যবহুল, সংক্ষিপ্ত ও হালনাগাদ করার কার্যক্রম চলমান রয়েছে। প্রতিবেদন পাওয়া যায় নি। | (গ) কমিটি অতিদ্রুত ফরমসমূহ সহজ, তথ্যবহুল, সংক্ষিপ্ত ও হাল নাগাদ করে প্রতিবেদন দাখিল করবে। | • যুগ্ম-সচিব (প্রশাসন), মশিবিম<br>• পরিচালক, বাশিএ<br>• অতিঃপরিচালক, মবিঅ। |
| | | (ঘ) মন্ত্রণালয়ের নতুন কর্মপরিধি চিহ্নিত করে একটি Concept paper প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | (ঘ) আগামী সমন্বয় সভার পূর্বে একটি ড্রাফট কনসেপ্ট পেপার সচিব বরাবর দাখিল করতে হবে। | • উপসিচব(শিশু), মশিবিম |

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং-১৯/০৭/২০১৭ খ্রিঃ।
(নাছিমা বেগম, এনডিসি)
সচিব

নং-৩২.০০.০০০০.০৪২.০০৬.০১৩.১৭-২৫৪ তারিখঃ ২০/০৭/২০১৭ খ্রিঃ।

**বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাপা প্লাজা (৫ম তলা), ধানমন্ডি, ঢাকা।
৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম।

কোহিনূর
২০/০৭/২০১৭
(কোহিনূর নাহার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৪১

E:\Office Work\Coordination Meetting\Munites-17\07. Minutes_July.doc

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। উপ-সচিব(বাঃ ও অঃ/শিশু/সেল/উন্নঃ-২/মবিঅ-২/শিপ্রায)/উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা/শিশু) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। যুগ্ম-সচিব (মবিঅ/উন্নয়ন/প্রশাসন/প্রশিক্ষণ/) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।